

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

চাষাড়া শাখা, নারায়নগঞ্জ।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাষাড়া শাখা, নারায়নগঞ্জ এর ঋণগ্রহীতা মেসার্স এম পাওয়ার, মালিক জনাব মোঃ মফিজুর রহমান, পিতা- মোঃ জয়নাল আবেদীন হাওলাদার, ঠিকানা-আজাদ সেন্টার, ৫৫ পুরনো পল্টন ঢাকা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপস্থিত যাবতীয় স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মজুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.১০.২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৭৮,২৫,১৩০.২৩ (আটাত্তর লক্ষ পচিশ হাজার একশত ত্রিশ টাকা তেইশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদেও নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজ/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকান উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১. জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ফতুল্লা, জে এল নং সি,এস-১৬৩ এস এ-৩০ আর এস-২১মৌজা ধর্মগঞ্জ, খতিয়ান নং সি.এস -৩৭১, এস.এ -৪১১, আর এস-৪১৮, দাগ নং-সি.এস এ - ৬২২, আর এস-১০২৯, মোট জমির পরিমান-৬(ছয়) শতাংশ এবং তদুপস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ-উত্তরে-লাইনুন নাহার, দক্ষিণে-নাসরিন নহমান, পূর্বে-আব্দুর রাজ্জাক গং এবং পশ্চিমে রাস্তা।
২. জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ফতুল্লা, জে এল নং সি,এস-১৬৩ এস এ-৩০ আর এস-২১মৌজা ধর্মগঞ্জ, খতিয়ান নং সি.এস -৩৭১, এস.এ -৪১১, আর এস-৪১৮, দাগ নং-সি.এস এ - ৬২২, আর এস-১০২৯, মোট জমির পরিমান-২.৭৫(দুই দশমিক সাত পাঁচ) শতাংশ এবং তদুপস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ-উত্তরে- রাস্তা, দক্ষিণে- পূর্বে-আব্দুর রাজ্জাক গং এবং পশ্চিমে - মফিজুর রহমান গং
৩. জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ফতুল্লা, জে এল নং সি,এস-১৬৩ এস এ-৩০ আর এস-২১মৌজা ধর্মগঞ্জ, খতিয়ান নং সি.এস -৩৭১, এস.এ -৪১১, আর এস-৪১৮, দাগ নং-সি.এস এ - ৬২২, আর এস-১০২৯, মোট জমির পরিমান-২.৭৫(দুই দশমিক সাত পাঁচ) শতাংশ এবং তদুপস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ-উত্তরে- রফিকুল ইসলাম, দক্ষিণে- মোসাম্মৎ রেনু বেগম, পূর্বে- ইফতেখার আলম ফরিদ গং এবং পশ্চিমে - শাহনাজ পারভীন।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২১/১২/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাষাড়া শাখা, , নারায়নগঞ্জ এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাষাড়া শাখা, নারায়নগঞ্জ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে । প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন ।
- (৪) দরদাতাগন এক বা একাধিক তফসিলের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না ।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিমড়বস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী , আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি/পল্লীবিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকরইত্যাদিসহ যে কোন পাাওনা বা দাবী থাকিলে দরদাতাকেই বহন করিতে হইবে ।
- (৭) দরপত্র জমা দেয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বেও দলিল ইত্যাদির সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না ।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন ।

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ চাষাড়া শাখা, নারায়নগঞ্জ ।